# আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯ : ২০

## আরবি মূল আয়াত:

فَأَرٰىهُ الۡاٰيَةَ الۡكُبۡرٰى ﴿۲۰﴾

## অনুবাদসমূহ:

অতঃপর মূসা তাকে বিরাট নিদর্শন দেখাল। — আল-বায়ান

অতঃপর মূসা তাকে বিরাট নিদর্শন দেখাল। — তাইসিরুল

অতঃপর সে তাকে মহা নিদর্শন দেখালো। — মুজিবুর রহমান

And he showed him the greatest sign, — Sahih International

২০. অতঃপর তিনি তাকে মহানিদর্শন দেখালেন।(১)

(১) বড় নিদর্শন বলতে সবগুলো মুজিযা উদ্দেশ্য হতে পারে। আবার লাঠির অজগর হয়ে যাওয়া এবং হাত শুভ্র হওয়ার কথাও বুঝানো হতে পারে। [কুরতুবী, মুয়াস্‌সার]

তাফসীরে জাকারিয়া

২০। অতঃপর সে তাকে মহা নিদর্শন দেখাল। [1]

[1] অর্থাৎ, নিজের সত্যতার জন্য সেই সকল প্রমাণ পেশ করলেন, যা তিনি আল্লাহর তরফ হতে প্রাপ্ত হয়েছিলেন। কেউ কেউ বলেন, ‘মহা নিদর্শন’-এর উদ্দেশ্য হল সেই মু’জিযা (অলৌকিক বস্তু)সমূহ যা মূসা (আঃ)-কে দান করা হয়েছিল। যেমন, হাতের শুভ্রতা এবং লাঠি। আবার কারো কারো মতে উদ্দেশ্য হল, তাঁকে দেওয়া নয়টি নিদর্শন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5732

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন